



নতুন সরকারও ফ্যাসিবাদের পথে হাঁটছে: চরমোনাই পীর



রেজাউল করিম। ছবি: সংগৃহীত

দীর্ঘ ফ্যাসিবাদী শাসনের অবসানের পর জনগণ গণতন্ত্রের প্রত্যাশা করলেও নতুন সরকার সেই প্রত্যাশা পূরণ করতে পারেনি বলে মন্তব্য করেছেন ইসলামী আন্দোলন বাংলাদেশের আমির মুফতি সৈয়দ মুহাম্মদ রেজাউল করিম।

গুৱাবার (৯ অক্টোবর) সকালে রাজধানীর ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশনে ইসলামী শ্রমিক আন্দোলনের কাউন্সিলে বক্তব্য দিতে গিয়ে তিনি এ কথা বলেন।

রেজাউল করিম বলেন, ৫ আগস্টের পর গঠিত নির্বাচিত সরকার জনআকাঙ্ক্ষার বিপরীতে অবস্থান নিয়েছে। সামনে স্থানীয় সরকার নির্বাচন। এ নির্বাচনে সরকারের বিরুদ্ধে ভোটের মাধ্যমে জবাব দিতে হবে। এ জন্য দলীয় নেতাকর্মীদের ঐক্যবদ্ধভাবে কাজ করার নির্দেশ দেন তিনি।

স্থানীয় নির্বাচনে চাঁদাবাজ ও দুর্নীতিবাজদের বিরুদ্ধে ভোট দিতে জনগণের প্রতি আহ্বান জানান ইসলামী আন্দোলন বাংলাদেশের আমির।

শ্রমিকদের অধিকার প্রসঙ্গে তিনি বলেন, শ্রমিক ও মালিকের মধ্যে সুসম্পর্ক প্রতিষ্ঠার আদর্শ একমাত্র ইসলামে রয়েছে। তাঁর মতে, ইসলামী শাসনব্যবস্থা ছাড়া শ্রমিকদের অধিকার বাস্তবায়ন সম্ভব নয়।